রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৪৭-৮৬০৫১৫
ই-মেইল : dgmlad1@rakub.org.bd
ওয়েব সাইট : www.rakub.org.bd

ঋওঅবি-১ সার্কুলার লেটার নং-০১/২০১৯ তারিখ : ০৪.০৮.২০১৯

১. সকল জোনাল ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

২. সহকারী মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।

৩. সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয় : জমি-জমার মূল দলিল সাব-রেজিষ্ট্রার অফিস হতে উত্তোলনে বিলম্ব হলে মূল দলিলের পরিবর্তে উক্ত দলিলের সার্টিফাইড কপি জমা নিয়ে ঋণ প্রদানের ক্ষেত্রে সাব-রেজিষ্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং রাকাব এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে কৃষি ঋণ মঞ্জুরি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে গত ১৮.০৪.২০১৯ তারিখে ঋওঅবি-১ সার্কুলার নং-০১/২০১৯ এর মাধ্যমে জারীকৃত 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

১. জমি-জমার মূল দলিল সাব-রেজিষ্ট্রার অফিস হতে উত্তোলনে বিলম্ব হলে মূল দলিলের পরিবর্তে উক্ত দলিলের সার্টিফাইড কপি জমা নিয়ে ঋণ প্রদানের ক্ষেত্রে সাব-রেজিষ্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র প্রসঙ্গে :

১.০১ 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ১২তম অধ্যায়ের ১২.৯ নম্বর অনুচ্ছেদে জমি-জমার মূল দলিল সাব-রেজিষ্ট্রার অফিস হতে উত্তোলনে বিলম্ব হলে মূল দলিলের পরিবর্তে উক্ত দলিলের সার্টিফাইড কপি জমা নিয়ে ঋণ প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনার উল্লেখ রয়েছে :

> "জমি-জমার মূল দলিল সাব-রেজিষ্ট্রার অফিস থেকে উত্তোলনে বিলম্ব হলে উক্ত দলিলের সার্টিফাইড কপি, বালাম রসিদ, সাব-রেজিষ্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং নোটারী পাবলিক বা প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের আদালতে সম্পাদিত এফিডেভিট জমা নিয়ে ঋণ মঞ্জুরি বিবেচনা করা যাবে।"

১.০২ বাস্তব প্রেক্ষাপটে মূল দলিলের পরিবর্তে উক্ত দলিলের সার্টিফাইড কপি, বালাম রসিদ এবং নোটারী পাবলিকের এফিডেভিট সংগ্রহ করা সম্ভব হলেও সাব-রেজিষ্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংগ্রহের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে মর্মে পরিলক্ষিত হচ্ছে। এ সমস্যা নিরসনকল্পে গত ২৫.০৭.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫০১তম সভার অনুমোদনক্রমে 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ১২তম অধ্যায়ের ১২.৯ নম্বর অনুচ্ছেদটি নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো :

> "জমি-জমার মূল দলিল সাব-রেজিষ্ট্রার অফিস থেকে উত্তোলনে বিলম্ব হলে মূল দলিলের পরিবর্তে উক্ত দলিলের সার্টিফাইড কপি, বালাম রসিদ এবং সাব-রেজিষ্ট্রার অফিস থেকে মূল দলিল ইস্যু করা হয়নি মর্মে সরেজমিনে তদন্তপূর্বক পূর্বানুমান কর্মকর্তা/কর্মচারীর প্রত্যয়নপত্র জমা নিয়ে ঋণ মঞ্জুরি বিবেচনা করা যাবে। তবে মূল দলিল উত্তোলনের সাথে সাথে তা সংশ্লিষ্ট ঋণ নথিতে নথিভুক্ত করতে হবে। ইহা ১৮.০৪.২০১৯ তারিখ থেকে কার্যকর মর্মে বিবেচিত হবে।"

২. রাকাব এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে কৃষি ঋণ মঞ্জুরি প্রসঙ্গে :

২.০১ 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এ ব্যাংকে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে ঋণ প্রদানের ক্ষেত্রে কোনরূপ সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা হয়নি। এতদবিষয়ে উক্ত ম্যানুয়েলের ২য় অধ্যায়ে ঋণ প্রাপ্তির অযোগ্যতা বিষয়ক ২.৩ নম্বর অনুচ্ছেদের (খ) এর ৩নং শর্তে নিম্নরূপ উল্লেখ রয়েছে :

> "রাকাবের কর্মী (উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে শুধুমাত্র কৃষি ঋণ দেয়া যাবে)।"

(চলমান পাতা-২)

ঋওঅবি-১ সার্কুলার লেটার নং-০১/২০১৯ তারিখ : ০৪.০৮.২০১৯

২.০২ উপযুক্ত কর্তৃপক্ষের বিষয়ে কোন সুস্পষ্ট ব্যাখ্যা না থাকায় এক্ষেত্রে ঋণ মঞ্জুরি বিষয়ে মাঠ পর্যায়ে বিভ্রান্তি দেখা দিয়েছে। এ সমস্যা নিরসনকল্পে গত ২৫.০৭.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫০১তম সভার এতদসংক্রান্ত নিম্নরূপ সিদ্ধান্ত 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ৫ম অধ্যায়ে (ঋণ ও অগ্রিম মঞ্জুরি ক্ষমতা) ৫.৫ নম্বর অনুচ্ছেদ হিসেবে সংযোজন করা হলো:

"**৫.৫: রাকাব এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে কৃষি ঋণ মঞ্জুরি :**

রাকাব এ স্থায়ীভাবে কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং তাঁদের উপর নির্ভরশীল ব্যক্তিবর্গের অনুকূলে (আউট সোর্সিংয়ের মাধ্যমে নিয়োজিত কর্মচারী ব্যতিরেকে) কৃষি খাতে (শস্য, মৎস্য, প্রাণিসম্পদ, পুকুর পুনঃখনন, নার্সারী বা ফলের বাগান পরিচর্যা, খামার ও সেচ যন্ত্রপাতি ক্রয় ইত্যাদি) ঋণ প্রদান করা যাবে। তবে এতদুদ্দেশ্যে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে ঋণ মঞ্জুরি/অনুমোদন গ্রহণ করতে হবে। এক্ষেত্রে ঋণ মঞ্জুরি/অনুমোদন ক্ষমতা নিম্নরূপ:

ক্রঃ নং	কর্মকর্তা ও কর্মচারীদের বিবরণ	ঋণ মঞ্জুরি/অনুমোদন ক্ষমতা
১	*মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা (উর্ধ্বতন কর্মকর্তার নিম্নে) ও কর্মচারী	সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক
২	প্রধান কার্যালয়ে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী এবং মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা (উর্ধ্বতন কর্মকর্তা ও তদুর্ধ্ব পর্যায়ের)	মহাব্যবস্থাপক (পরিচালন)

(*আলোচ্য ক্ষেত্রে শাখা, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় এবং বিভাগীয় কার্যালয় মাঠ পর্যায় হিসেবে বিবেচিত হবে।)"

৩. এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৪.০৮.২০১৯
(শওকত শহীদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নং- প্রকা/ঋওঅবি-১/৪৬/২০১৯-২০২০/৮৯(৪৪৪) তারিখ : ০৪.০৮.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
০৯। সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। অফিস নথি/মহানথি।

০৪.০৮.২০১৯
(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
মুখ্য কর্মকর্তা